

[PRINT](#)

সমকালৈ

ছাত্রীকে ধর্ষণ

শিবচরের সেই শিক্ষক রবিউল সাসপেন্ড

১০ ঘন্টা আগে

শিবচর (মাদারীপুর) প্রতিনিধি



প্রেমের ফাঁদে ফেলে ধর্ষণ। পরে আপত্তিকর ভিডিও ফাঁস করে দেওয়ার হৃমাকি। এভাবে তিন বছর ধরে ছাত্রীকে ধর্ষণ করে মাদারীপুরের শিবচরের উমেদপুর উচ্চ বিদ্যালয়ের লম্পট শিক্ষক রবিউল ইসলাম। অবশেষে ছাত্রীর অভিযোগের মুখে তাকে সাময়িক বরখাস্ত (সাসপেন্ড) করেছে স্কুল কর্তৃপক্ষ।

সহকারী শিক্ষক রবিউলের বিরুদ্ধে একই বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী ১৩ মার্চ স্কুল কর্তৃপক্ষের কাছে তাকে তিন বছর ধরে ধর্ষণের লিখিত অভিযোগ করে। এরপরই বের হয়ে আসে ওই শিক্ষকের আরও অপকর্মের তথ্য। ছাত্রীদের ধর্ষণের

মুহূর্তের ছবি ও ভিডিও রেখে দিত সে। তার বিরুদ্ধে একই বিদ্যালয়ের নবম ও দশম শ্রেণির দুই ছাত্রীর পরিবার অভিযোগ আনে। এর পর রবিউল গা-ঢাকা দেয়। স্কুল কর্তৃপক্ষ তাকে কারণ দর্শানোর নোটিশ দিয়েও উত্তর পায়নি।

এদিকে এ ঘটনায় বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশ হওয়ার পর গত ৭ মে শিবচর থানায় মামলা হয়। এ ঘটনা তদন্তে তিনি সদস্যের কমিটি করেছে স্কুল কর্তৃপক্ষ। অভিযুক্ত শিক্ষক রবিউল রাজবাড়ী জেলার পাংশা উপজেলার বড়গাছি গ্রামের মকবুল হোসেনের ছেলে।

উমেদপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোকনুজ্জামান বলেন, রবিউলকে সাসপেন্ড করেছে ম্যানেজিং কমিটি। সে শিক্ষক সমাজকে কলঙ্কিত করেছে।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com